

■■ জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ ছালাতুল জুম'আ রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

(৮) মিম্বরের পাশে বসা ব্যক্তিদের সাথে সালাম বিনিময় করা :

অনেক মসজিদে ইমাম পৌঁছে মিম্বারের পাশের ব্যক্তিদেরকে সালাম করেন। কিন্তু সুন্নাত হল, মিম্বরে বসে সকলকে লক্ষ্য করে সালাম দেয়া। আশে পাশের লোকদেরকে সালাম দেয়ার পক্ষে যে হাদীছ বর্ণিত হয়েছে তা যঈফ।

عَنِ ابْنِ عُمَرَ قَالَ كَانَ رَسُوْلُ اللهِ إِذَا دَنَا مِنْ مِنْبَرِهِ يَوْمَ الْجُمُعَةِ سَلَّمَ عَلَى مَنْ عِنْدَهُ مِنَ الْجُلُوْسِ فَإِذَا صَعِدَ الْمِنْبَرِ السُتَقْبَلَ النَّاسَ بِوَجْهِهِ ثُمَّ سَلَّمَ.

ইবনু ওমর (রাঃ) বলেন, জুম'আর দিনে রাসূলুল্লাহ (ছাঃ) যখন মিম্বরের কাছাকাছি পৌঁছতেন তখন মিম্বরের নিকটে বসা ব্যক্তিদের সালাম দিতেন। অতঃপর যখন মিম্বরে উঠে মানুষের দিকে মুখ করতেন তখন আবার সালাম দিতেন।[1]

তাহকীক : যঈফ। উক্ত বর্ণনার সনদে ওয়ালীদ বিন মুসলিম এবং ঈসা বিন আব্দুল্লাহ নামে দুইজন মুদাল্লিস রাবী আছে।[2] বরং ছহীহ হাদীছে এসেছে, রাসূল (ছাঃ) মিম্বরে উঠার সময় সালাম দিতেন।

عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللهِ أَنَّ النَّبِيَّ كَانَ إِذَا صَعِدَ الْمِنْبَرَ سَلَّمَ.

জাবের ইবনু আব্দুল্লাহ (রাঃ) থেকে বর্ণিত, রাসূল (ছাঃ) যখন মিম্বরে উঠতেন তখন সালাম দিতেন।[3]

ফুটনোট

- [1]. বায়হাকী, সুনানুল কুবরা হা/৫৮৫২।
- [2]. সিলসিলা যঈফাহ হা/৪১৯৪।
- [3]. ইবনু মাজাহ হা/১১০৯, পৃঃ ৭৮; সিলসিলা ছহীহাহ হা/২০৭৬।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1984

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন